গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নং: ৩৫.০৫.০০০০.০০৮.১৮.০৫২.২৫-৭১২

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## মেট্রোরেল স্টেশনসমূহের রিটেইল শপ ভাড়ার বিজ্ঞপ্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত মোট ১৪টি মেট্রোরেল স্টেশনের (আগারগাঁও ও কারওয়ান বাজার স্টেশন ব্যতীত) নির্ধারিত স্থানে **"ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ)"** অনুযায়ী প্রস্তুতকৃত ৩১টি (একত্রিশ)টি **রিটেইল শপ** ভাড়া প্রদান করা হবে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) প্রদানপূর্বক আবেদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত তথ্যের জন্য অফিসের ওয়েবসাইট (www.dmtcl.gov.bd) ভিজিট করুন।

| | | |
|---|---|---|
| আবেদনপত্র সংগ্রহের সময় ও স্থান | : | ১৭/০৮/২০২৫ হতে ১৬/০৯/২০২৫ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); রুম নম্বর: ৩১৯, লেভেল-৩, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার সময়, স্থান ও সাইট ভিজিট | : | ০৪/০৯/২০২৫ তারিখ, সকাল ১০.০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদনপত্র দাখিলের শেষ তারিখ, সময় ও স্থান | : | ২৪/০৯/২০২৫ তারিখ, বিকাল ০৩.০০ ঘটিকা; রুম নম্বর: ৩১৯, লেভেল-৩, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |

১৪.০৮.২৫

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো,
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

## মেট্রোরেল স্টেশনসমূহে রিটেইল শপ ভাড়া প্রদানের শর্তাবলী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | বিজ্ঞপ্তি নম্বর | : | ৩৫.০৫.০০০০.০০৮.১৮.০৫২.২৫-৭১২ | | |
| ২ | ভাড়ার স্থানসমূহ | : | উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত (আগারগাঁও ও কারওয়ান বাজার স্টেশন ব্যতীত) মোট ১৪টি মেট্রোরেল স্টেশনের ৩১ (একত্রিশ) টি রিটেইল শপ | | |
| ৩ | প্যাকেজ নম্বর, শিরোনাম ও বিবরণ | : | প্যাকেজ নম্বর | প্যাকেজের শিরোনাম | প্যাকেজের বিবরণ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ভাড়া/০১ | উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৫১২ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০২ | উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের A,D গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৬২৭ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৩ | উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৭২৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৪ | উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৫৫৪ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৫ | উত্তরা সেন্টার মেট্রোরেল স্টেশনের A,D গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৬৭০ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৬ | উত্তরা সেন্টার মেট্রোরেল স্টেশনের B,C গেইটের (দক্ষিণ পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৩০৫ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৭ | উত্তরা দক্ষিণ মেট্রোরেল স্টেশনের A গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৫৮০ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৮ | উত্তরা দক্ষিণ মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৫৫৫ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/০৯ | পল্লবী মেট্রোরেল স্টেশনের A গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৭৪৯ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১০ | পল্লবী মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৫৪৪ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১১ | পল্লবী মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১১৮৬ বর্গফুট রিটেইল শপ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১২ | মিরপুর-১১ মেট্রোরেল স্টেশনের A,D গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৫০৬ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৩ | মিরপুর-১১ মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৪৩৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৪ | মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনের A,D গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ২১৭৫ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৫ | কাজীপাড়া মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৭৯ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৬ | কাজীপাড়া মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৮০ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৭ | কাজীপাড়া মেট্রোরেল স্টেশনের A,D গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৬৫৫ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৮ | শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৮৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/১৯ | শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৯৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২০ | বিজয় সরণি মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ২৮৯ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২১ | বিজয় সরণি মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ২২৬ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২২ | ফার্মগেট মেট্রোরেল স্টেশনের D গেইটের (উত্তর পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৪৪৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৩ | শাহবাগ মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ২৫১ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৪ | ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৯০৫ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৫ | ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশনের A গেইটের (উত্তর পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৪৫৫ বর্গফুট রিটেইল শপ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৬ | ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ২৩৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৭ | বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশনের A,D গেইটের (উত্তর পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ১৬৫৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৮ | বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশনের B গেইটের (দক্ষিণ পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৩৮০ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/২৯ | বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশনের C গেইটের (দক্ষিণ পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ২২১ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/৩০ | মতিঝিল মেট্রোরেল স্টেশনের A গেইটের (উত্তর পূর্ব পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৩৩৮ বর্গফুট রিটেইল শপ |
| | | | ডিএমটিসিএল/রিটেইল শপ/২০২৫/ ভাড়া/৩১ | মতিঝিল মেট্রোরেল স্টেশনের D গেইটের (উত্তর পশ্চিম পার্শ্ব) রিটেইল শপ ভাড়া | বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য প্রায় ৩৩৮ বর্গফুট রিটেইল শপ |
| ৪ | ভাড়ার মেয়াদ | : | প্রাথমিকভাবে ভাড়া/ইজারার চুক্তির মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর। তবে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারিত হারে ভাড়া প্রদানে ভাড়া/ইজারা গ্রহীতার সম্মতি সাপেক্ষে ও ক্ষেত্র বিশেষে নতুন শর্তসাপেক্ষে এক বা একাধিক মেয়াদের জন্য চুক্তি নবায়ন করা যাবে; | | |
| ৫ | আবেদন সংগ্রহের তারিখ | : | ১৭/০৮/২০২৫ হতে ১৬/০৯/২০২৫ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); | | |
| ৬ | আবেদনপত্রের মূল্য | : | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে প্যাকেজ প্রতি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পে-অর্ডার (অফেতযোগ্য) পরিশোধ করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে; | | |
| ৭ | ভাড়া গ্রহীতা নির্বাচন পদ্ধতি | : | **উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্র পদ্ধতিতে ভাড়া গ্রহীতা নির্বাচন করা হবে;** | | |
| ৮ | আবেদনপত্র সংগ্রহের স্থান | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ৯ | আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার তারিখ, সময়, স্থান ও সাইট ভিজিট | : | ০৪/০৯/২০২৫ তারিখ, সকাল ১০.০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১০ | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ, সময় ও স্থান | : | ২৪/০৯/২০২৫ তারিখ, বিকাল ০৩.০০ ঘটিকা; রুম নম্বর: ৩১৯, লেভেল-৩, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। | | |
| ১১ | আগ্রহী প্রতিষ্ঠানের ন্যূনতম যোগ্যতা | : | আগ্রহী ভাড়াগ্রহীতার নিম্নলিখিত ন্যূনতম যোগ্যতাসমূহ থাকতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় সংযুক্ত করতে হবে:<br>ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স; খ) TIN সার্টিফিকেট এবং আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণক; গ) VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ঘ) বিজ্ঞপ্তি প্রকাশের পর ব্যাংক কর্তৃক ইস্যুকৃত গত ১ (এক) বছরের লেনদেনের বিবরণী এবং আর্থিক সচ্ছলতার সনদপত্র; | | |

| | | | |
|---|---|---|---|
| ১২ | ব্যবসায়িক পরিকল্পনা | | আবেদনকারীকে মেট্রোরেল স্টেশনে তার প্রতিষ্ঠানের ব্যবসায়িক পরিকল্পনা যথাযথভাবে উল্লেখ করতে হবে। অর্থাৎ আবেদনকারী মেট্রোরেলের রিটেইল শপে কী ধরণের ব্যবসা (পণ্য ও সেবার বিবরণ) কোন প্রক্রিয়ায় পরিচালনা করতে ইচ্ছুক তার বিবরণসহ জনবল কাঠামোর তথ্য আবেদনপত্রের সাথে সংযুক্তিতে উল্লেখ করতে হবে। প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে এটি গুরুত্বসহকারে বিবেচনা করা হবে। উল্লেখ্য, ব্যবসায়িক পরিকল্পনায় মেট্রোরেল স্টেশনের নিরাপত্তা ও নান্দনিকতা প্রাধান্য দিতে হবে। |
| ১৩ | **প্রস্তাব জামানত** | : | আবেদনকারী প্রতিষ্ঠানকে প্রতিটি রিটেইল শপের জন্য প্রস্তাবকৃত বার্ষিক দরের ১৫% জামানত হিসেবে **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে পে-**অর্ডার** আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে, যা চুক্তি স্বাক্ষরিত হওয়ার পরে ফেরত প্রদান করা হবে। |
| ১৪ | **চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন ও চুক্তি সম্পাদন** | | সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানকে এই বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান আমন্ত্রণপত্রে উল্লিখিত তারিখে/তারিখের মধ্যে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে চুক্তি সম্পাদনের জন্য আহবান করা হবে। উল্লেখ্য, প্রয়োজনে ডিএমটিসিএল-এর সর্বোচ্চ স্বার্থ রক্ষা নিশ্চিত করার জন্য দর প্রস্তাবকারী প্রতিষ্ঠানের সাথে Negotiation-পূর্বক চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। |
| ১৫ | **নিরাপত্তা জামানত** | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ৭ (সাত) দিন পূর্বে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর অনুকূলে বার্ষিক চুক্তি মূল্যের ২০% নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। উক্ত নিরাপত্তা জামানত পে-অর্ডার/নির্ধারিত ব্যাংক হিসাবে প্রদান করতে হবে। চুক্তি মেয়াদ শেষে (প্রযোজ্য ক্ষেত্রে কোনো প্রয়োজনীয় পাওনা আদায় সাপেক্ষে) উক্ত জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে। |
| ১৬ | **অগ্রিম ভাড়া** | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ন্যূনতম ০৭ (সাত) দিন পূর্বে এককালীন ০১ (এক) বছরের ভাড়া ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে। একইসঙ্গে ভাড়া গ্রহীতাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, আয়কর বা সরকারি অন্যান্য ফি ডিএমটিসিএল-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করে প্রমাণক দাখিল করতে হবে। |
| ১৭ | **অন্যান্য শর্তাবলী:** | | |
| ১৭.১. | নির্ধারিত আবেদন ফরম মোতাবেক ভাড়া গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে তার নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে; | | |
| ১৭.২. | আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে জমাকৃত সকল দলিলাদির প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে এবং সীলগালাকৃত খামে আবেদনপত্র দাখিল করতে হবে; | | |
| ১৭.৩. | প্রতিষ্ঠানের নাম, অফিসের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ইমেইল ইত্যাদি অবশ্যই সংশ্লিষ্ট খামের উপর উল্লেখ করতে হবে; | | |
| ১৭.৪. | **আগ্রহী প্রতিষ্ঠান একক/একাধিক/সকল রিটেইল শপের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবে;** | | |
| ১৭.৫. | আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত আবেদন ফর্মে আবেদনকৃত রিটেইল শপের জন্য প্রস্তাবিত (মাসিক ও বার্ষিক) ভাড়ার পরিমাণ (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) উল্লেখ করতে হবে; | | |
| ১৭.৬. | একাধিক প্রতিষ্ঠান সমান দরপ্রস্তাব করলে বা অন্য যে কোনো যৌক্তিক কারণে কর্তৃপক্ষ পুনঃদরপ্রস্তাব (Revised Price Quotation) আহবান করতে পারবে; | | |
| ১৭.৭. | মূল্যায়ন প্রক্রিয়ায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণ জানানোর পূর্বে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাইকালে কোনো জাল-জালিয়াতি পরিলক্ষিত হলে প্রস্তাব বাতিল বলে গণ্য হবে এবং প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; | | |
| ১৭.৮. | আবেদনপত্রে ভাড়া দরপ্রস্তাবের উল্লিখিত স্থানে গাণিতিক ভুল যথা একক মূল্য অংক এবং কথায় এর মধ্যে ভিন্নতা পাওয়া গেলে কথায় লেখাকে সঠিক বলে ধরে নেওয়া হবে; | | |
| ১৭.৯. | আবেদনপত্রে ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী ছাড়াও ডিএমটিসিএল এর ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ) এ উল্লিখিত শর্তাবলীও সমভাবে প্রযোজ্য হবে; | | |
| ১৭.১০. | প্রতি বছর ভাড়া পূর্ববর্তী বছরের উপর ৫% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে; | | |
| ১৭.১১. | সকল যোগাযোগ লিখিত আকারে হতে হবে এবং ইহা পত্রযোগে বা ই-মেইল এর মাধ্যমে হবে; | | |

| | |
|---|---|
| ১৭.১২. | নিম্নোক্ত কারণসমূহের জন্য প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করা হবে;<br>ক) উন্মুক্তকরণের পরে কোনো প্রতিষ্ঠান দাখিলকৃত প্রস্তাব প্রত্যাহার করলে;<br>খ) দর প্রস্তাবের গাণিতিক ভুল সংশোধনে অস্বীকৃতি জানালে;<br>গ) চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণপত্র জারীর পরে নির্ধারিত সময়ে নিরাপত্তা জামানত এবং ১ বছরের ভাড়া প্রদানে ব্যর্থ হলে;<br>ঘ) চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে;<br>ঙ) কোনোরূপ জাল জালিয়াতি প্রমানিত হলে; |
| ১৭.১৩. | চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত রিটেইল শপের দর বিজ্ঞপ্তিতে উল্লিখিত আয়তনের কোনো পরিবর্তন অথবা হ্রাস/বৃদ্ধি হলে উদ্ধৃত দরের আনুপাতিক হারে ভাড়া কম/বেশি প্রযোজ্য হবে; |
| ১৭.১৪. | কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোন সময় যেকোনো ভাড়ার প্রস্তাব/বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। |

২৪/০৮/২৫

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ও
আহ্বায়ক
বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা কমিটি
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২